

নম্বর: ০৭.০০.০০০০.১৭১.১৩.০০১.২৩-৫৪

তারিখ: ০৩ ফাল্গুন ১৪৩১
১৬ ফেব্রুয়ারি ২০২৫


প্রজ্ঞাপন

‘সর্বজনীন পেনশন তহবিল (বিনিয়োগ ও সংরক্ষণ) বিধিমালা, ২০২৪’ এর বিধি-৩ অনুসারে নির্দেশক্রমে নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে ‘পেনশন তহবিল ব্যবস্থাপনা’ কমিটি গঠন করা হলো :

ক্রম	কমিটিতে দায়িত্ব
১. কর্তৃপক্ষের সদস্য (তহবিল ব্যবস্থাপনা)	সভাপতি
২. কর্তৃপক্ষের সদস্য (বিনিয়োগ নীতি)	সদস্য
৩. যুগ্মসচিব (ট্রেজারী ও ঋণ ব্যবস্থাপনা অনুবিভাগ, অর্থ বিভাগ)	সদস্য
৪. যুগ্মসচিব (প্রবিধি-১ অধিশাখা, অর্থ বিভাগ)	সদস্য
৫. ফাইন্যান্স বিভাগের চেয়ারম্যান/তৎকর্তৃক মনোনীত অন্যান্য অধ্যাপক পদমর্যাদার একজন প্রতিনিধি, ঢাকা বিশ্ববিদ্যালয়	সদস্য
৬. বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের অন্যান্য পরিচালক পদমর্যাদার একজন প্রতিনিধি	সদস্য
৭. বাংলাদেশ ব্যাংকের ঋণ ব্যবস্থাপনা বিভাগের অন্যান্য পরিচালক পদমর্যাদার একজন প্রতিনিধি	সদস্য
৮. কর্তৃপক্ষের মহাব্যবস্থাপক (তহবিল ব্যবস্থাপনা)	সদস্য সচিব

০২। কমিটির দায়িত্ব ও কার্যাবলি নিম্নরূপ :

- আর্থিক বাজার ও পুঁজিবাজারসহ বিনিয়োগ সংশ্লিষ্ট অন্যান্য ক্ষেত্রসমূহ পর্যালোচনাপূর্বক কম ঝুঁকিপূর্ণ ও অধিক লাভজনক পোর্টফোলিও বা খাতে বিনিয়োগের সুপারিশ প্রদান;
- তহবিলের ব্যবসা উন্নয়ন ও তহবিলের অনুকূলে সম্পদ আহরণের লক্ষ্যে প্রয়োজনীয় সুপারিশ প্রদান;
- বিনিয়োগযোগ্য অর্থের পরিমাণ নিরূপণে কর্তৃপক্ষকে প্রয়োজনীয় সুপারিশ প্রদান;
- তহবিলের পুঞ্জীভূত অর্থের হিসাবায়ন পর্যালোচনাপূর্বক সুপারিশ প্রদান;
- তহবিল এবং বিনিয়োগ ব্যবস্থাপনা সংশ্লিষ্ট অন্যান্য গুরুত্বপূর্ণ বিষয়াদি, সময় সময়, কর্তৃপক্ষকে অবহিতকরণ; এবং
- সরকার, পরিচালনা পর্ষদ বা কর্তৃপক্ষ কর্তৃক, সময় সময়, তহবিল ব্যবস্থাপনা ও বিনিয়োগ বিষয়ে জারীকৃত নীতিগত সিদ্ধান্তসমূহ অনুসরণপূর্বক তহবিল ব্যবস্থাপনা ও বিনিয়োগ সংক্রান্ত সুপারিশ প্রদান।



(মিতু মরিয়ম)

উপসচিব

ফোন : ০২৫৫১০০০৭৮

email: regulation1.fd@gmail.com

নম্বর: ০৭.০০.০০০০.১৭১.১৩.০০১.২৩-৫৪


তারিখ: ০৩ ফাল্গুন ১৪৩১
১৬ ফেব্রুয়ারি ২০২৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।
- নির্বাহী চেয়ারম্যান, জাতীয় পেনশন কর্তৃপক্ষ, ৪৩ কাকরাইল, ঢাকা।
- চেয়ারম্যান, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, সিকিউরিটিজ কমিশন ভবন, আগারগাঁও, ঢাকা।
- সদস্য (তহবিল ব্যবস্থাপনা), জাতীয় পেনশন কর্তৃপক্ষ, ৪৩ কাকরাইল, ঢাকা।
- সদস্য (বিনিয়োগ নীতি), জাতীয় পেনশন কর্তৃপক্ষ, ৪৩ কাকরাইল, ঢাকা।

অপর পৃষ্ঠা দৃষ্টব্য

৬. চেয়ারম্যান, ফাইন্যান্স বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।
৭. অতিরিক্ত সচিব (প্রবিধি অনুবিভাগ), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
৮. অতিরিক্ত সচিব (ট্রেজারী ও ঋণ ব্যবস্থাপনা অনুবিভাগ), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
৯. সচিব মহোদয়ের একান্ত সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১০. যুগ্মসচিব (প্রবিধি-১ অধিশাখা), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
১১. অফিস কপি।


১৬/০২/২০
(মিতু মরিয়ম)
উপসচিব